

এটিজেএফবির বিউটিফুল বাংলাদেশ রানে যুক্ত হলো নভোএয়ার

- A Monitor Desk Report

Date: 08 April, 2025



ঢাকাঃ দেশের পর্যটনশিল্পের বিকাশ ও স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে রাজধানীর হাতিরঝিলে ২৫ এপ্রিল অনুষ্ঠিত হতে যাচ্ছে 'বিউটিফুল বাংলাদেশ রান ২০২৫'। অ্যাভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্টস ফোরাম অব বাংলাদেশের (এটিজেএফবি) আয়োজনে এই প্রতিযোগিতায় স্পনসর হিসেবে দেশের শীর্ষস্থানীয় বেসরকারি এয়ারলাইনস ইউএস-বাংলার পর এবার যুক্ত হলো বেসরকারি এয়ারলাইন্স নভোএয়ার।

এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্টস ফোরাম অব বাংলাদেশ-এটিজেএফবি'র আয়োজনে আগামী ২৫ এপ্রিল রাজধানীর হাতিরঝিলে অনুষ্ঠিত হতে যাচ্ছে বিউটিফুল বাংলাদেশ রান-২০২৫। রান আয়োজনকে উৎসবমুখর করতে এবার যুক্ত হলো বেসরকারি এয়ারলাইন্স নভোএয়ার।

বিউটিফুল বাংলাদেশ রানের চিফ কো-অর্ডিনেটর শফিউল্লাহ সুমন জানান, রান আয়োজনটিকে আরও প্রাণবন্ত করতে প্রতিযোগিতা শেষে ফিনিশাররা মেডেল নিয়ে যে ছবি তুলবেন সেখান থেকে বিচারকমণ্ডলীর মাধ্যমে চূড়ান্ত করা বিজয়ীদের ঢাকা-কক্সবাজার-ঢাকা কাপল টিকিট দেওয়া হবে।

এছাড়া পুরুষ ও নারী বিভাগে বিজয়ীদের নভোএয়ারে সৌজন্যে ঢাকা-কক্সবাজার-ঢাকা টিকিট দেওয়া হবে।

মেজবাবুল ইসলাম জানান, দেশের পর্যটন শিল্পের বিকাশে যেকোনো ভালো উদ্যোগে নভোএয়ার সবসময় পাশে থাকার চেষ্টা করে। বিশেষ করে খেলাধুলাকে উৎসাহিত করতে বরাবরই নভোএয়ার বিভিন্ন ইভেন্ট পৃষ্ঠপোষকতা করে আসছে।

উল্লেখ্য, দেশের পর্যটন শিল্পের বিকাশ ও এই শিল্প সংশ্লিষ্ট সবাইকে এক ছাদের নিচে নিয়ে আসার লক্ষ্যেই এ রান আয়োজন করছে এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ-এটিজেএফবি।

দুটি ক্যাটাগরিতে এ রান অনুষ্ঠিত হবে। একটি সাড়ে ৭ কিলোমিটার, অপরটি ২ কিলোমিটার ফান রান। নারী, পুরুষ ও পাঁচ বছরের বড় সবাই রেজিস্ট্রেশনের মাধ্যমে এই রানে অংশ নিতে পারছেন।

হাতিরঝিলের পুলিশ প্লাজা থেকে সকাল ৬ টায় শুরু হয়ে ৯০ মিনিটের এই রান শেষ হবে হাতিরঝিল এম্পলিথিয়েটারে। পরে বিজয়ী ও রান সম্পন্নকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। বিস্তারিত জানতে ভিজিট করতে পারেন [@Beautiful Bangladesh Run 2025](#) এই ঠিকানায়।

-B